# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## EVENING NEWS BULLETIN

## BENGALI

**19 APRIL 2025** **7:45—7:55 PM IST**

==================================================

১) আগামী ৮ সেপ্টেম্বর কয়েকটি কার্যসূচিতে অংশগ্রহণ করতে রাজ্যে আসার বিষয়ে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সম্মতি প্রকাশ ।

২) ভূটানের রাজা জিগমে খেসার নামগিয়াল ওয়াংচুকের আজ আসাম সফরে এসে রাজ্যে নির্মিয়মান আর্ন্তজাতিক মাল্টি মডেল লজিষ্টিক পার্ক পরিদর্শন ।

৩) আসন্ন পঞ্চায়েত নির্বাচনে রাজ্যের জিলা পরিষদ এবং আঞ্চলিক পঞ্চায়েতের মোট ৩শো ৪৮ জন প্রার্থী বিনাপ্রতিদ্বন্দিতায় নির্বাচিত ।

এবং

৪) কাছাড় জেলায় ভোটারদের নির্ভয়ে ভোটাধিকার প্রয়োগ করার বিষয়টি নিশ্চিত করার উদ্দেশ্যে জেলা প্রশাসনের পক্ষ থেকে সর্ব্বোচ্চ সতর্কতা ও সুব্যবস্থা গ্রহণ ।

--------------------------------------------------------------------------------

মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মা আজ নতুন দিল্লীতে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর সঙ্গে সাক্ষাৎ করে বিশ্ববরেণ্য শিল্পী ডক্টর ভূপেন হাজরিকার জন্ম শতবার্ষিকী উদযাপনের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত হওয়ার জন্য আমন্ত্রণ জানিয়েছেন । মুখ্যমন্ত্রী শ্রী মোদীকে আসাম জৈব ইথানল প্রকল্প উদ্বোধন এবং ৫ হাজার ৭শো কোটি টাকা ব্যায় সাপেক্ষে গৌহাটি রিং রোড প্রকল্প তথা দরং চিকিৎসা মহাবিদ্যালয় হাসপাতালের ভিত্তিপ্রস্তর স্থাপন করার জন্যও প্রধানমন্ত্রীকে অনুরোধ জানিয়েছেন । ডক্টর শর্মা সামাজিক মাধ্যমযোগে জানিয়েছেন যে প্রধানমন্ত্রী এই আমন্ত্রণ গ্রহণ করে এই অনুষ্ঠানে উপস্থিত থাকার সম্মতি প্রকাশ করেছেন । এই অনুসারে আগামী ৮ সেপ্টেম্বর প্রধানমন্ত্রীর

আসাম সফরে আসার সম্ভাবনা রয়েছে । মুখ্যমন্ত্রীর আজ নতুন দিল্লীতে কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহর সঙ্গেও সাক্ষাৎ করার কথা রয়েছে ।

---------------------------------------------------------------------------------------

ভূটানের রাজা জিগমে খেসার নামগিয়াল ওয়াংচুক আজ আসাম সফরে এসে ভারতমালা প্রকল্পের অধীন নির্মিয়মান আর্ন্তজাতিক বহুমুখী মাল্টিমডেল লজিষ্টিক পার্ক পরিদর্শন করেন। মুখ্যমন্ত্রী ডক্টর হিমন্তবিশ্ব শর্মার নির্দেশে মন্ত্রী জয়ন্তমল্ল বরুয়া ভূটানের রাজাকে স্বাগত জানান । ভারতমালা প্রকল্পের অধীনে নির্মিয়মান এই পার্কের কাজ প্রায় সম্পূর্ণ হয়েছে । সড়ক , রেলপথ , বিমান এবং জলপথের সুবিধা প্রদানের মাধ্যমে জাতীয় সড়ক এবং পরিকাঠামো উন্নয়ন নিগম এই পার্কটি নির্মান করেছে। এই পার্ক নির্মানের ফলে ভূটান , বাংলাদেশ সহ পার্শ্ববর্তী আরো কয়েকটি দেশের সঙ্গে আসামের বাণিজ্যিক ব্যবস্থা আরো সাবলীল হওয়ার সম্ভাবনা রয়েছে ।

---------------------------------------------------------------------------------------

আসন্ন পঞ্চায়েত নির্বাচনে জিলা পরিষদ এবং আঞ্চলিক পঞ্চায়েতের মোট ৩শো ৪৮ জন প্রার্থী বিনাপ্রতিদ্বন্দিতায় নির্বাচিত হয়েছেন । মনোনয়নপত্র প্রত্যাহারের শেষ দিন পেরিয়ে যাওয়ার পর গতকাল সমগ্র রাজ্যের এ সংক্রান্ত চূড়ান্ত তথ্য আসার পর এন ডি এ ৩৭টি জিলা পরিষদ এবং ৩শো ১১টি আঞ্চলিক পঞ্চায়েত সমষ্টিতে বিনাপ্রতিদ্বন্দিতায় নির্বাচিত হয়েছে বলে ঘোষণা করা হয়েছে । ৩৭টি জিলা পরিষদের মধ্যে বি জে পি ৩৫টি এবং অসম গণ পরিষদ ২টি আসনে জয়লাভ করেছে । অন্যদিকে রাজ্যের মোট ২ হাজার ১শো ৯২টি আঞ্চলিক পঞ্চায়েতের মধ্যে ২শো ৫৯টি বি জে পি , ২৯টি অসম গণ পরিষদ এবং ১৩টি রাভা যৌথ মঞ্চের প্রার্থীরা বিনাপ্রতিদ্বন্দিতায় জয়লাভ করেছে ।

---------------------------------------------------------------------------------------

জাতীয় পরীক্ষা সংস্থা ( এন-টি-এ ) আজ সকালে চলতি বছরের সংযুক্ত প্রবেশ পরীক্ষা ( JEE ) দ্বিতীয় পর্যায়ের মূল পরীক্ষার ফলাফল ঘোষণা করেছে । এবার মোট ২৪ জন প্রার্থী বি ই এবং বি-টেকের প্রথম প্রশ্নপত্রে সম্পূর্ণ নম্বর লাভ করতে সক্ষম হয়েছে । ফলাফল ( JEE )-র মুখ্য ওয়েবসাইট jeemain.nta.nic.in এ প্রকাশ করা হয়েছে । মোট ৯ লক্ষ ৯২ হাজার ৩শো ৫০ জন ছাত্র-ছাত্রী এবার এই পরীক্ষায় অবতীর্ণ হয়েছিলেন ।

---------------------------------------------------------------------------------------

রাজ্যের দুটি প্রথমসারির শিক্ষা প্রতিষ্ঠান অনুসন্ধান জাতীয় গবেষণা প্রতিষ্ঠানের অনুদান লাভ করেছে । পার্টনারশিপ ফর এক্সেলেরেটেড ইনভেশন এন্ড রিসার্স ( পেয়ার )

কার্যসূচির অধীনে কটন বিশ্ববিদ্যালয় এবং তেজপুর বিশ্ববিদ্যালয় এই অনুদান লাভ করেছে । ফলে এই দুটি বিশ্ববিদ্যালয় পরবর্তী ৫ বছর গবেষণার জন্য প্রায় ১৪ কোটি টাকার অনুদান পাবে । উল্লেখ্য যে সমগ্র দেশের বহু সংখ্যক বিশ্ববিদ্যালয় এই অনুদানের জন্য আবেদন করলেও মাত্র ৬টি বিশ্ববিদ্যালয় এই অনুদান লাভ করতে সক্ষম হয়েছে । অন্যান্য ৪টি বিশ্ববিদ্যালয় হচ্ছে জহরলাল নেহেরু বিশ্ববিদ্যালয় , পাঞ্জাব কেন্দ্রীয় বিশ্ববিদ্যালয় , দিল্লী ফার্মাসিউটিকেল সায়েন্স এন্ড research ইনস্টিটিউট এবং বেরহামপুর বিশ্ববিদ্যালয় ।

---------------------------------------------------------------------------------------

একাদশ শ্রেণীর পরীক্ষার গণিত প্রশ্নপত্র ফাঁস হওয়ার ঘটনার মূল অভিযুক্ত মহম্মদ আশিককে আজ আসাম পুলিশের অপরাধ অনুসন্ধান শাখা গ্রেপ্তার করেছে । ইউ পি আইর সহায়তায় অর্থের লেনদেনের তথ্যের ওপর ভিত্তি করে পুলিশ তাকে গ্রেপ্তার করেছে । চিকিৎসা বিজ্ঞানের ছাত্র মহম্মদ আশিককে আগেও চুরি এবং অপহরণের ঘটনার সঙ্গে যুক্ত থাকার মামলায় গ্রেপ্তার করা হয়েছিল বলে পুলিশ সূত্রে প্রকাশ করা হয়েছে ।

---------------------------------------------------------------------------------------

আসন্ন পঞ্চায়েত নির্বাচন অবাধ, সুষ্ঠু  শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার উদ্দেশ্যে কাছাড়ের জেলা আয়ুক্ত মৃদুল যাদব এই গণতান্ত্রিক প্রক্রিয়ায় নির্ভয়ে ভোটাধিকার প্রয়োগ করতে প্রশাসনের পক্ষ থেকে সর্বোচ্চ সতর্কতা এবং সুব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলে জানিয়েছেন । জেলা আয়ুক্তের কার্যালয়ে আজ অনুষ্ঠিত এক সাংবাদিক সম্মেলনে শ্রী যাদব জেলার নির্বাচনী তথ্য উপস্থাপন করতে গিয়ে বলেন যে-  কাছাড় জেলায় মোট ভোটারের সংখ্যা হচ্ছে- দশ লক্ষ ষাট হাজার ১৫৫ । এরমধ্যে ৫লক্ষ ৩১ হাজার ৬৬১জন পুরুষ এবং ৫ লক্ষ ২৮ হাজার ৪৭৯জন মহিলা এবং ১৫জন অন্যান্য ভোটার রয়েছেন । জেলায় ভোটকেন্দ্রের সংখ্যা- ১ হাজার ৭০৬, যারমধ্যে ১ হাজার ৬২০টি কাছাড়ে এবং ৩১০টি লক্ষ্মীপুর সম-জেলায় রয়েছে । এছাড়া অতিরিক্ত ৮৬টি ভোটকেন্দ্র কাছাড়ে এবং ৬টি লক্ষ্মীপুরে রয়েছে । মহিলা পরিচালিত ভোটকেন্দ্রের সংখ্যা কাছাড়ে ২৭৪টি এবং লক্ষ্মীপুরে ১৯টি । এছাড়া সমগ্র জেলায় প্রত্যন্ত অঞ্চলে ৪৯০টি ভোটকেন্দ্র রয়েছে । জেলায় পঞ্চায়েত নির্বাচনের প্রার্থীদের চূড়ান্ত তালিকার বিষয়ে জেলা আয়ুক্ত জানান--

বাইট

-------

জেলার পুলিশ সুপার নোমাল মাহাত্তা এই সাংবাদিক সম্মেলনে জানিয়েছেন যে- নির্বাচনের সময় শান্তি ও আইন শৃঙ্খলা বজায় রাখার ক্ষেত্রে কাছাড়ের পুলিশ বাহিনী সর্বদা সজাগ এবং সক্রিয় রয়েছে । তিনি জানান- স্পর্শকাতর কেন্দ্রগুলিতে বিশেষ নজরদারির পাশাপাশি অতিরিক্ত বাক্ষহিনী মোতায়েন করা হবে । এছাড়া পর্যাপ্ত সংখ্যক টহলদারি দল, কুইক রেসপোন্স টিম এবং ভ্রাম্যমাণ নজরদারি ইউনিট সমগ্র জেলায় সক্রিয় থাকবে বলে তিনি উল্লেখ করেছেন ।

---------------------------------------------------------------------------------

শিলচর শহরের চারটি স্থানে আজ বিকেলে অম্রুত জল সরবরাহ প্রকল্পের পাইপ ফেটে সংলগ্ন এলাকা জলমগ্ন হয়েছে । শহরের ব্যস্ত এলাকা ট্রাংক রোডে প্রথম জলের পাইপ থেকে সজোরে জল বেরোতে আরম্ভ করে । কিছু সময়ের মধ্যেই ঐ এলাকায় জল জমা হয়ে যাতায়াত ব্যহত হয়ে পড়ে । এরপরই ইণ্ডিয়া ক্লাবের পয়েন্টের কাছে অন্য একটি পাইপ থেকে জল বেরোতে আরম্ভ করে । এছাড়া গান্ধীবাগ পার্কের কাছে এবং জেলা আয়ুক্তের বাংলোর পাশে অনুরূপ ঘটনা ঘটে । শহরের চারটি স্থানে কিছুসময়ের মধ্যে এভাবে পাইপ ফেটে জল বেরোতে শুরু করায় জনমনে চাঞ্চল্য দেখা দেয় । এদিকে এই ঘটনায় শহরে চলাচলকারী জনসাধারণের মধ্যে ক্ষোভের সৃষ্টি হয় । এদিকে শহরাঞ্চলের জলসরবরাহ প্রকল্প ‘অম্রুত’ এর আওতায় নির্মিয়মান এই পাইপলাইনগুলির বিষয়ে জিজ্ঞেস করা হলে এই প্রকল্পের দায়িত্বপ্রাপ্ত আধিকারিক রত্নজিত দেবরায় জানিয়েছেন যে- এই প্রকল্পে জলের পাইপ লাইন বসানোর পর আজ প্রথমবারে মতো জলের সরবরাহের বিষয়টি পরীক্ষা করে দেখা হচ্ছিল । মাত্র পনেরো মিনিটের জন্য সিস্টেম সট্যাবিলাইজেশন করা হচ্ছিল বলে তিনি জানান । এই পরিস্থিতিতে যেসব স্থানে জলের পাইপে লিকেজ রয়েছে, সেসব স্থান থেকেই জল নির্গত হতে শুরু করে । আগামীকালও অনুরূপ প্রক্রিয়ায় অন্যান্য স্থানের পাইপ লাইনে পরীক্ষা করা হবে বলে তিনি উল্লেখ করেন।

---------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলায় পঞ্চায়েত নির্বাচনে প্রতিদ্বন্দিতায় অবতীর্ণ প্রার্থীদের তিনটি পর্যায়ে হিসাব পরীক্ষার দিন ধার্য করা হয়েছে । জেলার নির্বাচনী পর্যবেক্ষকের নির্দেশে প্রথম পর্যায়ের হিসাব পরীক্ষা আগামী ২৩শে এপ্রিল অনুষ্ঠিত হবে । এরপর দ্বিতীয় পর্যায়ে আগামী ২৬শে এপ্রিল এবং তৃতীয় পর্যায়ে ৩০শে এপ্রিল হিসাব পরীক্ষার কাজ হবে । এই দিনগুলিতে প্রতিদ্বন্দিতায় অবতীর্ণ তিনটি পর্যায়ের প্রার্থী - গ্রাম পঞ্চায়েত সদস্য, আঞ্চলিক পঞ্চায়েত সদস্য এবং জেলা পরিষদ সদস্য পদের সব প্রার্থীদের তাদের

আপডেটেড বুক্স অব এ্যাকাউন্টস সহ যাবতীয় প্রাসঙ্গিক কাগজপত্র নিয়ে জেলা আয়ুক্তের ব্যয় পর্যবেক্ষণ সেল’এ এসে উপস্থিত থাকতে বলা হয়েছে ।

-------------------------------------------------------------------------------------------

শিলচর জেলা ক্রীড়া সংস্থা আয়োজিত অনুর্দ্ধ-১৫ আন্তঃস্কুল লিগ কাম নকআউট ক্রিকেট প্রতিযোগিতার ফাইনালে উঠেছে শিলচরের পি এম শ্রী নরসিং উচ্চতর মাধ্যমিক বালক বিদ্যালয় এবং মহর্ষি বিদ্যামন্দির । সতীন্দ্র মোহন দেব স্টেডিয়ামে আজ অনুষ্ঠিত দুটি সেমি ফাইনালের প্রথমটিতে শিলচর কলেজিয়েট স্কুল টসে জিতে ফিল্ডিংয়ের সিদ্ধান্ত নেয় । নরসিং স্কুল ব্যাট করতে নেমে ২৫ ওভারে নয় উইকেটে ২৩৯ রান সংগ্রহ করে । জবাবে ব্যাট করতে নেমে কলেজিয়েট স্কুল ১৪.৪ ওভারে মাত্র ৬৫ রানে সবাই আউট হয়ে যায় । ফলে নরসিং স্কুল ১৭৪ রানে জয়লাভ করে ।

অপর ম্যাচে সূর্যকুমার স্কুলকে ৬০ রানে হারিয়ে মহর্ষি বিদ্যামন্দির জয়ী হয়েছে । টসে জিতে তারা প্রথমে ব্যাট করতে নেমে ২৫ ওভারে আট উইকেট হারিয়ে ১৪৮ রান সংগ্রহ করে । জবাবে ব্যাট করতে নেমে সূর্যকুমার স্কুল ১৪.১ ওভারে সবকটি উইকেট হারিয়ে মাত্র ৮৫ রান সংগ্রহ করতে সমর্থ হয় ।

আগামী সোমবার এই প্রতিযোগিতার ফাইনাল খেলা অনুষ্ঠিত হবে।

-------------------------------------------------------------------------------------------